দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 APR 1995 ......
পৃষ্ঠা ৭ কলাম ৭

১০৩

# দৃষ্টি আকর্ষণ

বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বছরে ৩৬৫ দিনের অর্ধেক সংখ্যক দিনও পড়াশোনা হয় না। ১৯৯৫ সালের সরকারী/বেসরকারী উচ্চ বিদ্যালয় ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়সমূহের ছুটির তালিকা অনুযায়ী মোট ৮০ দিন ছুটি নির্ধারিত আছে। সাপ্তাহিক ছুটি শুক্রবার হিসাবে আরও ৫২ দিন ছুটি থাকে। এ ছাড়া এসএসসি পরীক্ষার কারণে ছুটি, খেলাধুলা, মিলাদ, হরতাল ও

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## দৃষ্টি আকর্ষণ

(প্রথম পাতার পর)

প্রাকৃতিক দুর্যোগের কারণে আরও অন্তত ৬০ দিন স্কুলে লেখাপড়া হয় না। সব মিলে বছরে প্রায় ১৯০ দিন স্কুলে লেখাপড়া হয় না। অবশিষ্ট ১৭৫ দিনে শিক্ষার্থী ও শিক্ষকদের ব্যক্তিগত অসুবিধা ও অসুস্থতার জন্য স্কুলে মাঝে মাঝে অনুপস্থিত থাকা অসম্ভব কিছু নয়। এত ছুটি ও অসুবিধার পর দেশের স্কুল-কলেজে কতটুকু পড়াশোনা হয় তা অভিভাবকরা ভাল বলতে পারবেন।

আমাদের দেশের শিক্ষা প্রতিষ্ঠানের মতো এত দীর্ঘ ছুটির তালিকা আর কোথাও নেই। ধর্মীয় ছুটির নামে এদেশে এত বেশি ছুটির দিন রয়েছে, যা অন্যান্য ধর্মপ্রাণ দেশে নেই। এছাড়া বিভিন্ন রাষ্ট্রীয় ও সাংস্কৃতিক উপলক্ষ তো আছেই। দেশে শিক্ষার স্বার্থেই বাৎসরিক ছুটির পরিমাণ সুচিন্তিতভাবে হ্রাস করা হোক।—মোঃ কুতুব উদ্দীন, মিরবাড়ী, নুরুল্যাপুর, লক্ষীপুর।